গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা
www.netrokonasadar.netrokona.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৫.৭২৭৪.০০০.০১৪.০০২.১৯- ৭১৪

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩২ / ১০ আগস্ট ২০২৫

বিষয় : আগস্ট ২০২৫ মাসের মাসিক সাধারণ সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদের আগস্ট ২০২৫ মাসের মাসিক সাধারণ সভা আগামী ১৪ আগস্ট ২০২৫ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১.০০ টায় জনাব আসমা বিনতে রফিক, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব), উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা এর সভাপতিত্বে নেত্রকোণা সদর উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় বিভাগীয় কর্মকাণ্ডের অগ্রগতির বিবরণীসহ নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি :
১. বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
২. বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা।
৩. কমিটির সুপারিশসমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৪. আইন, বিধি, সার্কুলার ও প্রজ্ঞাপন অবহিতকরণ।
৫. আয় ও ব্যয়ের হিসাব বিবরণী উপস্থাপন, আলোচনা ও সিদ্ধান্ত।
৬. ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি প্রকল্প বাস্তবায়ন বিষয়ক আলোচনা।

১০/০৮/২৫
(আসমা বিনতে রফিক)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ফোন- ০৯৫১-৬১৫৭৬

০১. জনাব................................চেয়ারম্যান
............................ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০২. উপজেলা........................................অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা। সংশিষ্ট সভার আলোচনার জন্য বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন এ অফিসে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:
০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
০৫. অফিস কপি।

CamScanner

নেত্রকোণা সদর উপজেলা পরিষদের আগস্ট ২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : আসমা বিনতে রফিক, প্রশাসক, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ : ১৪.০৮.২০২৫ খ্রি.
সভার সময় : বেলা ১১.০০ টা
সভা নং : ১৫

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক, খ ও গ দ্রষ্টব্য :

প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা কর্তৃক সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। পরবর্তীতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোনো প্রকার সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। অতঃপর উপজেলার বিভিন্ন দপ্তরের সার্বিক কার্যক্রমের উপর আলোচনাক্রমে নিম্নবর্ণিত সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরের রাজস্ব উদ্বৃত্ত হিসেবে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে ৩,০৫,০০,০০০/- (তিন কোটি পাঁচ লক্ষ টাকা) স্থানান্তর করা হয়েছে। তিনি জানান ২০২৫-২০২৬ অর্থবছরের উপজেলা পরিষদের উন্নয়ন সহায়তা তহবিলের ৩,০৫,০০,০০০/- টাকার মধ্যে ৩% নারী উন্নয়ন খাত বাবদ ৯,১৫,০০০/-, ১% প্রকল্প তদারকি +০.৫% আনুষঙ্গিক খরচ বাবদ মোট ৪,৫৭,৫০০/-। ৩% নারী উন্নয়ন খাত ৯,১৫,০০০/- + ১.৫ % (আনুষঙ্গিক, প্রকল্প তদারকি) খরচ বাবদ ৪,৫৭,৫০০/- = ১৩,৭২,৫০০/- বাদে অবশিষ্ট ২,৯১,২৭,৫০০/- এর ৩০% পিআইসি বাবদ ৮৭,৩৮,২৫০/-। বাকী ৭০% অর্থের ৫% নিম্নদরসহ ২,০,৩৮,৯২৫০/- টাকা দ্বারা টেন্ডার প্রক্রিয়ায় প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে। তিনি জনগুরুত্ব বিবেচনা করে অগ্রাধিকার ভিত্তিতে এডিপি'র নীতিমালার আলোকে বিধি মোতাবেক আগামী ৩০ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে প্রকল্প দাখিল করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। তিনি জানান প্রকল্প প্রাপ্তির পর সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণের সাথে ইউনিয়নওয়ারি দায়িত্বপ্রাপ্ত কারিগরি কর্মকর্তাগণ সরেজমিন প্রকল্পস্থল পরিদর্শনপূর্বক সম্ভাব্য ব্যয়ের প্রাক্কলন প্রস্তুত করবেন। সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবংসার্বিক আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়। | (ক) ২০২৪-২০২৫ অর্থবছরের এডিপি ও উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় এবং টেন্ডার ও পিআইসি প্রক্রিয়ার মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পসমূহের কাজ নিয়মিত মনিটরিং এ রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ২০২৫-২০২৬ অর্থবছরের উপজেলা পরিষদের উন্নয়ন সহায়তা তহবিলের ৩,০৫,০০,০০০/- টাকার মধ্যে ৩% নারী উন্নয়ন খাত বাবদ ৯,১৫,০০০/-, ০.৫% আনুষঙ্গিক খরচ + ১% প্রকল্প তদারকি খরচ বাবদ ৪,৫৭,৫০০/- মোট ১৩,৭২,৫০০/- বাদে অবশিষ্ট ২,৯১,২৭,৫০০/- এর ৩০% পিআইসি বাবদ ৮৭,৩৮,২৫০/-। বাকী ৭০% অর্থের ৫% নিম্নদরসহ ২,০,৩৮,৯২৫০/- টাকা বরাদ্দ দ্বারা টেন্ডার প্রক্রিয়ায় প্রকল্প বাস্তবায়ন এবং জনগুরুত্ব বিবেচনা করে অগ্রাধিকার ভিত্তিতে এডিপি'র নীতিমালার আলোকে বিধি মোতাবেক আগামী ৩০ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে প্রকল্প দাখিল করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী নেত্রকোণা সদর নেত্রকোণা ও সংশ্লিষ্ট চেয়ারম্যান/ প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, তার দপ্তরের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে ও বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। তিনি আরও জানান শিক্ষকগণকে বিদ্যালয়ে নিয়মিত উপস্থিত হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে এবং তদারকি করা হচ্ছে। ঝড়ে পড়া রোধে নিয়মিত হোমভিজিট, উঠান বৈঠক ও মা সমাবেশ চলমান রয়েছে। ইতঃপূর্বে অকেজো ওয়াশব্লকের হালনাগাদ তালিকা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। | (ক) নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(খ) বিদ্যালয়ে যথাসময়ে শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করত হবে।<br>(গ) শিক্ষার্থীদের ঝড়ে পড়া রোধ করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) বিদ্যালয়ের আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার | উপজেলা শিক্ষা অফিসার নেত্রকোণা সদর |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) যে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নেই সে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি দ্রুত গঠনের পদক্ষেপ নিতে হবে।<br>(চ) যে সকল প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক অকেজো আছে তা সরেজমিন পরিদর্শনপূর্বক তালিকা প্রস্তুত করে উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী বরাবর প্রেরণ করতে হবে।<br>(ছ) বিদ্যালয়গুলোতে নিয়মিত অভিভাবক ও মা সমাবেশ হচ্ছে কি না তা তদারকি করতে হবে।<br>(ঙ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | |
| ৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৪-২৫ খরিপ-১ মৌসুমে উফশী জাতের আউশ ২০০ হেক্টর এর মধ্যে ৮.০০ হেক্টর কর্তন করা হয়েছে। গড় ফলন ২.৬৪ মে.টন (চালে)। পাট-(দেশী, তোষা, কেনাফ) জাতের ৪৮৫ হেক্টর কর্তন শেষ হয়েছে। গড় ফলন ২ মে. টন। রোপা আমন ধানের বীজতলা লক্ষ্যমাত্রা ৯৬৮ হেক্টর, অর্জন ৮৮১ হেক্টর। রোপা আমন ফসল রোপন কার্যক্রম চলছে। হাইব্রিড ১০০৯ হেক্টর, উফশী ৮০০০ হেক্টর, স্থানীয় ০.০০ হেক্টর মোট ৯০০৯ হেক্টর চলমান রয়েছে। উপ-সহকারী কৃষি অফিসারগণ সার্বক্ষণিক কৃষকদের পাশে থেকে ফসলের, পোকা মাকড় ও রোগ বালাই দমনসহ অন্যান্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন।<br><br>এছাড়াও তিনি পার্টনার কর্মসূচির আওতায় উপজেলা কৃষি অফিসারের সরকারি কাজে ব্যবহারের জন্য প্রাপ্ত গাড়িটি রাখার নিমিত্ত গ্যারেজ নির্মাণ করার জন্য জায়গা নির্ধারণ করার জন্য অনুরোধ জানান।<br><br>তিনি আরও জানান ১০/০৮/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত রাসায়নিক সার ইউরিয়া-৫৯১মে.টন, টিএস পি ১৯৭ মে.টন, এমওপি ৩০৭ মে.টন , ডিএপি ২৯৭ মে.টন মজুদ আছে। রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক। | (ক) সার ও বীজের কৃত্রিম সংকট যেন না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণ পরামর্শ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) কৃষি উৎপাদন (ধান, সরিষা, শাক সবজি, ফলমূল, পাট) বাড়াতে গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে এবং আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) ইউনিয়নওয়ারি বিভিন্ন প্রকার সার কি পরিমাণ মজুদ আছে তা সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঙ) সারের বরাদ্দ ও বিতরণের তথ্যাদি ইউনিয়ন পরিষদের হোয়াটস্ অ্যাপ গ্রুপে প্রদান করতে হবে।<br>(চ) উপজেলা কৃষি অফিসারের সরকারি কাজে ব্যবহারের জন্য প্রাপ্ত গাড়িটি রাখার নিমিত্ত উপজেলা নিবার্চন অফিসের গ্যারেজের পাশে একটি গ্যারেজ নির্মাণ করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ছ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা কৃষি অফিসার নেত্রকোণা সদর |
| ৪. | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, বাজারে বিশুদ্ধ দুধ ও ডিমের সরবরাহ করতে খামারীদের পরামর্শ প্রদান করা হচ্ছে। গরু মোটাতাজাকরণে যাতে রাসানয়িক দ্রব্যাদি ব্যবহার না করা হয় সে বিষয়ে খামারীদের পরামর্শ প্রদান করা হচ্ছে।<br>তিনি আরও জানান বর্তমানে গরুর খোরা রোগ বৃদ্ধি পাচ্ছে। তার দপ্তর থেকে খোরা রোগ নির্মূলের বিষয়ে পরামর্শ দেওয়া হচ্ছে। তাছাড়া তিনি তার দপ্তরের কার্যক্রমের অগ্রগতির নিম্নরূপ তথ্যাদি সভায় উপস্থাপন করেন। | (ক) সঠিকভাবে গবাদি পশু লালন-পালনের নিমিত্ত খামারীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে।<br>(খ) গবাদি পশু মোটা তাজাকরণে রাসায়নিক দ্রব্য ব্যবহার প্রতিরোধে নিয়মিত মনিটরিং করতে হবে।<br>(গ) গবাদি পশুর রোগ ব্যাধি | উপজেলা প্রাণিসম্পদ অফিসার নেত্রকোণা সদর |

CamScanner

## অগ্রগতির মাসিক প্রতিবেদন
### (অর্থবছর : ২০২৫-২০২৬)

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ (সংখ্যা) | ১১৭০০ | ৯৭৫ | ৬৯৮ | ১৯৫০ | ১২৫৮ | ১০.৭৫% |
| | ক. তরল সিমেন দ্বারা | ০ | ০ | ০ | ০ | ০ | ০০% |
| | খ. হিমায়িত সিমেন দ্বারা | ১১৭০০ | ৯৭৫ | ৬৯৮ | ১৯৫০ | ১২৫৮ | ১০.৭৫% |
| ২ | সংকর জাতের গবাদি পশুর বাছুরের তথ্য সংগ্রহ (সংখ্যা) | ৪৯৮০ | ৪১৫ | ৩২৮ | ৮৩০ | ৬৯৭ | ১৪.০০% |
| ৩ | সরকারিভাবে টিকা প্রদান সম্প্রসারণ | ৭৮০০০০ | ৬৫০০০ | ৬৪৬৬০ | ১৩০০০০ | ৭৪০৬০ | ৯.৪৯% |
| | ক) গবাদি পশু (সংখ্যা) | ৮০০০০ | ৬৬৬৬ | ১১৬০ | ১৩৩৩৩ | ১৫৬০ | ১.৯৫% |
| | খ) হাঁস-মুরগী (সংখ্যা) | ৭০০০০০ | ৫৮৩৩৩ | ৬৩৫০০ | ১১৬৬৬৭ | ৭২৫০০ | ১০.৩৬% |
| ৪ | গবাদিপশুর চিকিৎসা প্রদান (সংখ্যা) | ৩৯০০০ | ৩২৫০ | ৩২১৭ | ৬৫০০ | ৬৩৭৬ | ১৬.৩৫% |
| ৫ | হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা) | ৩৪০০০০ | ২৮৩৩৩ | ৩০৪১২ | ৫৬৬৬৭ | ৬০৮১৯ | ১৭.৮৯% |
| ৬ | পোষা প্রাণীর চিকিৎসা প্রদান(সংখ্যা) | ১০০ | ৮ | ১১ | ১৭ | ২২ | ২২.০০% |
| ৭ | গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুণা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ (সংখ্যা) | ১১০ | ৯ | ৯ | ১৮ | ১৭ | ১৫.৪৫% |
| ৮ | গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিলেন্স (সংখ্যা) | ২৯ | ২ | ২ | ৫ | ৪ | ১৩.৭৯% |
| ৯ | ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্পস্থাপন (সংখ্যা) | ১৯ | ১ | ২ | ৩ | ৩ | ১৫.৭৯% |
| ১০ | খামারী প্রশিক্ষণ (সংখ্যা) | - | | ০ | - | ০ | |
| | (ক) খামারী প্রশিক্ষণ প্রদান (সংখ্যা) | ৯০০ | ৭৫ | ০ | ১৫০ | ০ | ০.০০% |
| | (খ) অন্যান্য / বেসরকারী পর্যায়ে খামারী প্রশিক্ষণ (সংখ্যা) | - | - | ০ | - | ০ | - |
| ১১ | মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদান (সংখ্যা) | ৭০ | ৫ | ০ | ১২ | ০ | ০.০০% |
| ১২ | উঠান বৈঠকে আয়োজন সংখ্যা | ১০৫ | ৮ | ৮ | ১৮ | ১৫ | ১৪.২৯% |
| ১৩ | স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ (একর) | ২৭.০০ | ২.২৫ | ২.২৫ | ৪.৫০ | ৪.২৫ | ১৫.৭৪% |
| ১৪ | খামার / ফিড মিল/ হ্যাচারি পরিদর্শন (সংখ্যা) | ১২০ | ১০ | ১০ | ২০ | ১৮ | ১৫.০০% |
| ১৫ | গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন (সংখ্যা) | ১৬ | ১ | ০ | ৩ | ৭ | ৪৩.৭৫% |
| ১৬ | পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন (সংখ্যা) | ৬ | ০ | ০ | ১ | ০ | ০.০০% |
| ১৭ | মোবাইল কোর্ট পরিচালনাকরা (সংখ্যা) | ৪ | ০ | ০ | ১ | ০ | ০.০০% |
| ১৮ | দুধ উৎপাদন (মেট্রিক টন) | ৩০০০০.০০ | ২৫০০.০০ | ২৩৫৬.২৬ | ৫০০০.০০ | ৪৭১৮.১৬ | ১৫.৭৩% |
| ১৯ | মাংস উৎপাদন (মেট্রিক টন) | ২৯০০০.০০ | ২৪১৬.৬৭ | ২১১১.০৫ | ৪৮৩৩.৩৩ | ৪২১৩.১৮ | ১৪.৫৩% |
| ২০ | ডিম উৎপাদন (লক্ষ) | ৬০০.০০ | ৫০.০০ | ৫০.০০ | ১০০.০০ | ৯৯.৫০ | ১৬.৫৮% |

কমাতে মাঠ পর্যায়ে খামারীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে।

(ঘ) গবাদি পশুর খাদ্যের বাজার মূল্য স্থিতিশীল রাখতে নিয়মিত তদারকি করতে হবে।

(ঙ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরের ১ম, ২য় ও ৩য় পর্যায়ের টিআর, কাবিটা ও কাবিখার প্রকল্পের কাজ শেষ হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | (ক) ২০২৪-২০২৫ অর্থবছরের টি.আর, কাবিটা ও কাবিখা এবং দুর্যোগ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহ মনিটরিং করতে হবে।<br><br>(খ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br><br>চেয়ারম্যান/ প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৬. | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, মৎস্য খাদ্য ও পশু খাদ্য আইন-২০১০ মোতাবেক রৌহা ইউনিয়নের শিমুলকান্দি বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করে মৎস্য লাইসেন্স ব্যতীত খাদ্য বিক্রয়ের অপরাধে ২০,০০০/- টাকা জরিমান আদায় করা হয়। বিভিন্ন ইউনিয়নে চাষীদের মৎস্য সচেতনতা বৃদ্ধি বিষয়ক কার্যক্রম চলমান রয়েছে।<br><br>সচেতনতাবৃদ্ধির আওতায় অভয়াশ্রম রক্ষণাবেক্ষণ ও মৎস্য সংরক্ষণ আইন-১৯৫০বিষয়ক লিফলেট এবং মাইকিং এর মাধ্যমে সচেতনতামূলক কার্যক্রম চলমান রয়েছে। ভাওয়াল বিল এবং মাগুরা বিলে বিল নার্সারি পোনা অবমুক্ত করা হয়েছে। মৎস্য খন এর সার্টিফিকেট মামলা দায়ের করা অর্থ হতে ১২,০০০/- আদায় করা হয়েছে<br><br>তিনি আরও জানান প্রতিবছরের ন্যায় এবছরও মৎস্য সপ্তাহ উদযাপন করা হবে এবং সকলকে নিমন্ত্রণ দেওয়া হবে। তিনি সকলকে মৎস্য সপ্তাহের অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানান। | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে দৃষ্টি রাখতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে সরেজমিন পরিদর্শন করে মৎস্যজীবী ও খামারীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে।<br>(গ) নদী, খাল ও মুক্ত জলাশয়ে নিষিদ্ধ জাল ও মাছ ধরার উপকরণ ব্যবহার রোধে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) ইউপি চেয়ারম্যানগণ জলাশয়ে অবৈধ বাঁধ অথবা স্থাপনা অপসারণের জন্য প্রয়োজনীয় তথ্য প্রদান করবেন।<br>(ঙ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার নেত্রকোণা সদর |
| ৭. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান নেত্রকোণা সদর উপজেলায় ০৯টি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র আছে, ৫৬টি স্যাটেলাইট ক্লিনিক আছে। কিন্তু কোনো ডাক্তার নেই। স্যাটেলাইট ক্লিনিকে নরমাল ডেলিভারি হয় না। | (ক) বিভিন্ন ইউনিয়নে পরিবার পরিকল্পনা পদ্ধতির আওতায় কি কি কাজ চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(খ) প্রতিটি স্যাটেলাইট ক্লিনিকে নরমাল ডেলিভারির তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) পরিচালিত কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নেত্রকোণা সদর |
| ৮. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান অদ্যাবধি নেত্রকোণা সদর উপজেলায় দুইটি গুদামে মোট ২৮ হাজার মেট্রিক চাল সংগ্রহ করা হয়েছে। মুল বরাদ্দের অতিরিক্ত ৪ হাজার মেট্রিক টন চাল সংগ্রহ করা হয়েছে। নেত্রকোণা সদর উপজেলায় সদর খাদ্য গুদাম ও ঠাকুরাকোণা খাদ্য গুদাম ১৫৬৯ মেট্রিক টন চাল সংগ্রহ করা হয়েছে। মোট সংগ্রহ ১০০%।<br>নেত্রকোনা সদর উপজেলায় নয়টি ওএমএস দোকানে ১ মেট্রিক টন চাল ও ১ মেট্রিক টন গম প্রতিদিন বিক্রি করা হচ্ছে এবং ১২ টি ইউনিয়নে ৪০০০ নতুন খাদ্য বান্ধব ভোক্তার তালিকা অনুমোদন হয়েছে। আগস্ট মাসের মধ্যে ১৩ হাজার ভোক্তাকে খাদ্য বান্ধব কর্মসূচির ১৫ টাকা কেজি ধরে ৩০ কেজি করে চাল দেওয়া হবে। | (ক) বর্তমানে কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য ও খাদ্যশস্য কি পরিমাণ মজুদ আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ওএমএস ও খাদ্যবান্ধব কর্মসূচির চাল বিতরণের সময় প্রত্যেক ডিলারের কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>(গ) ২০২৫-২০২৬ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী কি পরিমাণ ধান ও চাল সংগ্রহ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার নেত্রকোণা সদর |

CamScanner

<table>
<tr>
<td></td>
<td></td>
<td></td>
<td>করা হয়েছে তার তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td></td>
</tr>
<tr>
<td>৯.</td>
<td>উপজেলা সমাজসেবা বিভাগ</td>
<td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বয়স্ক, বিধবা, স্বামী পরিত্যক্তা ও প্রতিবন্ধী ভাতার ইউনিয়ন ভিত্তিক সংখ্যা ও তার দপ্তরের সার্বিক চিত্র নিম্নরূপভাবে সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্রমিক</th><th>খাতের নাম</th><th>প্রকল্প গ্রাম/ মাতৃকেন্দ্রর নাম</th><th>স্কিম সংখ্যা</th><th>পুন বিনিয়োগ কৃত টাকার পরিমাণ</th><th>বিনিয়োগের তথ্য</th></tr>
<tr><td>১</td><td rowspan="10">পল্লী সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ</td><td>পিটুয়া গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ</td><td>০৮ টি</td><td>২৪০০০০</td><td>পুন বিনিয়োগ</td></tr>
<tr><td>২</td><td>পিটুয়া গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ</td><td>০৪ টি</td><td>১২০০০০</td><td>সা: চার্জ<br>পুন বিনিয়োগ</td></tr>
<tr><td>৩</td><td>বহরজামাটি গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ</td><td>১৭ টি</td><td>৬০০০০০</td><td>পুন বিনিয়োগ</td></tr>
<tr><td>৪</td><td>বহরজামাটি গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ</td><td>০৩ টি</td><td>১১০০০০</td><td>সা: চার্জ<br>পুন বিনিয়োগ</td></tr>
<tr><td>৫</td><td>বহরজামাটি গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ</td><td>০১ টি</td><td>৩৩০০০</td><td>সা: চার্জ<br>বিনিয়োগ</td></tr>
<tr><td>৬</td><td>বাইশধার গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ</td><td>১১ টি</td><td>৪২০০০০</td><td>পুন বিনিয়োগ</td></tr>
<tr><td>৭</td><td>বাইশধার গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ</td><td>০৯ টি</td><td>৩৩০০০০</td><td>সা: চার্জ<br>পুন বিনিয়োগ</td></tr>
<tr><td>৮</td><td>মহেশকোণা গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ</td><td>১১ টি</td><td>৪৮০০০০</td><td>পুন বিনিয়োগ</td></tr>
<tr><td>৯</td><td>মহেশকোণা গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ</td><td>০১ টি</td><td>৩০০০০</td><td>সা: চার্জ<br>বিনিয়োগ</td></tr>
<tr><td>১০</td><td>মহেশকোণা গ্রাম সমাজসেবা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ</td><td>০৩ টি</td><td>১৩৫০০০</td><td>সা: চার্জ<br>পুন বিনিয়োগ</td></tr>
</table>
</td>
<td>(ক) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(খ) বয়স্কভাতা, বিধবা, স্বামী পরিত্যক্তা ভাতা ও প্রতিবন্ধী ভাতার ইউনিয়ন ভিত্তিক সংখ্যা সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(গ) প্রতি মাসে মৃত্যুবরণকারী বয়স্ক ভাতাভোগীদের ভাতা কার্যক্রম বন্ধ করতে হবে এবং বিধি মোতাবেক প্রতিস্থাপন করতে হবে। ২০২৫-২০২৬ অর্থবছরের ১ম কিস্তির পে-রোল দেওয়ার পূর্বে মৃত ভাতাভোগী প্রতিস্থাপন করতে হবে।<br><br>(ঘ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে</td>
<td>উপজেলা সমাজসেবা অফিসার নেত্রকোণা সদর<br><br>চেয়ারম্যান/ প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল)</td>
</tr>
</table>

CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১১ | পল্লী মাতৃ কেন্দ্র | মল্লিকপুর পল্লী মাতৃকেন্দ্র | ০৭ টি | ২১০০০০ | পুন বিনিয়োগ |
| ১২ | | মল্লিকপুর পল্লী মাতৃকেন্দ্র | ০১ টি | ১৯০০০ | সা: চার্জ পুন বিনিয়োগ |
| ১৩ | | গদী পল্লী মাতৃকেন্দ্র | ১০ টি | ৪০০০০০ | পুন বিনিয়োগ |
| ১৪ | | গদী পল্লী মাতৃকেন্দ্র | ০১ টি | ২২০০০ | সা: চার্জ পুন বিনিয়োগ |
| ১৫ | | গদী পল্লী মাতৃকেন্দ্র | ০১ টি | ৫০০০০ | সা: চার্জ পুন বিনিয়োগ |
| ১৬ | | ধরের বাংলা পল্লী মাতৃকেন্দ্র | ০৯ টি | ৩০০০০০ | পুন বিনিয়োগ |
| ১৭ | | ধরের বাংলা পল্লী মাতৃকেন্দ্র | ০২ টি | ৮৫০০০ | সা: চার্জ পুন বিনিয়োগ |
| ১৮ | | চকপাড়া পল্লী মাতৃকেন্দ্র | ১৮ টি | ৬৭৫০০০ | পুন বিনিয়োগ |
| ১৯ | | চকপাড়া পল্লী মাতৃকেন্দ্র | ০৪টি | ১২০০০০ | সা: চার্জ পুন বিনিয়োগ |
| ২০ | | দক্ষিণ ঠাকুরাকোনা পল্লী মাতৃকেন্দ্র | ১২ টি | ৩১০০০০ | পুন বিনিয়োগ |
| ২১ | | দক্ষিণ ঠাকুরাকোনা পল্লী মাতৃকেন্দ্র | ৩ টি | ৫৭০০০ | সা: চার্জ পুন বিনিয়োগ |
| ২০ | প্রতিবন্ধী তহবিল | ১০ নং রৌহা ইউনিয়ন | ০১টি | ৪৫০০০ | পুন বিনিয়োগ |
| সর্বমোট= | | | ১৩৭ টি | ৪৭৯১০০০ | |

| ইউনিয়ন | বয়স্ক ভাতাভোগীর সংখ্যা | বিধবা ভাতাভোগীর সংখ্যা | প্রতিবন্ধী ভাতা ভোগীর সংখ্যা |
|---|---|---|---|
| মৌগাতী | ১৫৭৫ | ১০৬০ | ৬২ |
| চল্লিশা | ১৬২৬ | ১০৭৮ | ৫৯৪ |
| মেদনী | ১৭১৩ | ১২৩০ | ৫১৯ |
| রৌহা | ১৫৮০ | ১২০৬ | ৬০৫ |
| কাইলাটী | ১৪৪৫ | ১১৫১ | ৬৪০ |
| মদনপুর | ১৫৭৬ | ১৬৬৪ | ৭৩৯ |
| সিংহের বাংলা | ১৬৭২ | ১২৫২ | ৩৯৬ |
| ঠাকুরাকোণা | ১৬৮৮ | ১১৩৬ | ৩৯৮ |
| কেগাতী | ১৭৮৩ | ১১৩৬ | ৫৩৪ |
| আমতলা | ১৫৮৮ | ১১১৫ | ৪৮৬ |
| লক্ষীগঞ্জ | ১৪৫৪ | ১১৮৩ | ৫৬০ |
| দ. বিশিউড়া | ১৪৯০ | ১৩৬৭ | ৬২৬ |

তিনি আরও জানান নেত্রকোণা সদর উপজেলার ১২টি ইউনিয়নে অপেক্ষমান বিধবা ও বয়স্ক ভাতাভোগীর তালিকা ইউনয়িন পরিষদে প্রদান করা হয়েছে। উক্ত তালিকা যাচাই করে মৃত ভাতাভোগীর স্থলে অপেক্ষমান তালিকা হতে নতুন ভাতাভোগী প্রতিস্থাপন করার জন্য ইউপি চেয়ারম্যান/প্রশাসকগণকে অনুরোধ জানান।

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান নেত্রকোণা জেলাধীন সদর উপজেলায় ১২ টি ইউনিয়নে ও পৌরসভায় কিশোর কিশোরী ক্লাব চলমান রয়েছে। কিশোর কিশোরী ক্লাবে কিশোর গ্যাং ও বাল্যবিবাহ বন্ধের বিষয়ে আলোচনা হয়। | (ক) ভিডব্লিউবি এবং মা ও শিশু সহায়তা কার্যক্রমের আপডেট তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) প্রতিমাসে প্রত্যেক ইউনিয়নে একটি করে বাল্য বিবাহ প্রতিরোধ সভা করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নেত্রকোণা সদর<br><br>চেয়ারম্যান/ |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td></td>
<td>(গ) কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম সচল রাখতে হবে এবং কতটি কিশোর কিশোরী ক্লাব আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে। যেসকল কিশোর কিশোরী ক্লাবে বিভিন্ন পদ শূন্য রয়েছে সেসকল তথ্য সভায় উপস্থাপন করতে হবে। যেসকল কিশোর কিশোরী ক্লাবে পদ শূন্য রয়েছে তা জরুরি ভিত্তিতে পূরণ করতে হবে।<br>(ঘ) মা ও শিশু সহায়তা কর্মসূচির ভাতাভোগীদের নামের তালিকা ইউনিয়ন কমিটি থেকে উপজেলা কমিটিতে দ্রুত পাঠাতে হবে।<br>(ঙ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>প্রশাসক ইউনিয়ন পরিষদ (সকল)</td>
</tr>
<tr>
<td>১১.</td>
<td>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</td>
<td>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা সদর জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ২০২৩-২০২৪ খ্রি. অর্থ বছরের সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপসমূহের বাকী ১০০টি নলকূপ এর কাজের ১০০ টির বোরিং এর কাজ শেষ এবং ৫৫ টির প্লাটফম ও ট্যাংকিসহ কাজ শেষ হয়েছে। বাকী কাজগুলি সমাপ্ত করার জন্য নির্বাহী প্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা জেলার মাধ্যমে ঠিকাদারকে চিঠি ও মৌখিকভাবে তাগিদ দেওয়া হয়েছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্প এর আওতায় ২০২৪-২০২৫খ্রি অর্থ বছরে বরাদ্দকৃত গভীর নলকূপ এর কাজ শুরু হয়েছে। বরাদ্দকৃত ১৪৪ টি গভীর নলকূপ এর ৬০ টি বোরিং কাজ সমাপ্ত হয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পুনর্নির্মাণে জরুরি সহায়তা (জিওবি-এডিবি) প্রকল্পের আওতায় ৪৩ টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপের বোরিং কাজ শেষ হয়েছে ।প্লাটফম ও ট্যাংকির কাজ চলমান। এছাড়াও উক্ত প্রকল্পের আওতায় বরাদ্দকৃত নেত্রকোণা সদর এ ৩টি পাবলিক টয়লেট এর সাইট ইউএনডিপির (UNDP) সহায়তায় নির্বাচন করা হয় এবং উক্ত সাইটের কাজ শুরু হয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পুনর্নির্মাণে জরুরি সহায়তা (জিওবি-এডিবি) প্রকল্পের আওতায় ২টি মিনি ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট এর কাজ চলমান রয়েছে ।এছাড়াও সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীষক প্রকল্প এর আওতায় নেত্রকোণা জেলার সদর উপজেলার মদনপুর ইউনিয়ন এ হযরত শাহ সুলতান কমর উদ্দিন রুমী (রঃ) মাজারে রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই এর ওভার হেড ট্যাংক এবং বাউন্ডারি দেয়াল এর কাজ শেষ, পাইপ লাইনের কাজ শুরু হয়েছে। সদর উপজেলার PEDP-4 প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয় গুলির ওয়াশ ব্লক ও নলকূপ এর কাজ চলমান এবং ৯০ টি ওয়াশ ব্লক এর কাজ সমাপ্ত হয়েছে। বাকীগুলির কাজ চলমান রয়েছে। এছাড়াও PEDP-4 প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যাল গুলির সমাপ্তকৃত ও চলমান ওয়াশ ব্লক এর কাজ প্রতিনিয়ত তদারকি করা হচ্ছে।</td>
<td>(ক) গভীর নলকূপসমূহ যথাযথভাবে স্থাপন করতে হবে।<br>(খ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য অধিদপ্তর নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১২</td>
<td>পল্লী উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের আওতায় উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি, আবর্তক (কৃষি) ঋণ কর্মসূচি, সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি (সদাবিক), পল্লী প্রগতি কর্মসূচি, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ (এসএমই) কর্মসূচি, বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচির কার্যক্রম চলমান রয়েছে।<br>বর্ণিত কার্যক্রমসমূহের অগ্রগতি নিম্নরূপ :
<table>
<tr><th>কার্যক্রম</th><th>মাসে বিতরণ (লক্ষ টাকায়)</th><th>মাসে আদায় (লক্ষ টাকায়)</th><th>বিতরণ (লক্ষ টাকায়)</th><th>আদায় (লক্ষ টাকায়)</th><th>আদায়ের হার</th></tr>
<tr><td>পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচি</td><td>১২.০০</td><td>৯.৩০</td><td>৩১৫.৩৭</td><td>২৬৫.৯৩</td><td>৯২%</td></tr>
<tr><td>মহিলা উন্নয়ন অনুবিভাগ</td><td>০.০০</td><td>৫.০৪</td><td>৯৭৫.৪৬</td><td>৯৬৬.৪২</td><td>৯৮%</td></tr>
<tr><td>আবর্তক (কৃষি ঋণ) কর্মসূচি</td><td>০.০০</td><td>১.২০</td><td>১৪০.৬১</td><td>১২৮.৩৪</td><td>৮৮%</td></tr>
</table></td>
<td>(ক) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল করতে হবে।<br>(খ) যেসকল আশ্রয়ণ প্রকল্পে এখনও সমিতি গঠন করা হয়নি সেসকল আশ্রয়ণে সমিতি গঠন করতে হবে।<br>(গ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>পল্লী উন্নয়ন কর্মকর্তা নেত্রকোণা সদর</td>
</tr>
</table>

CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| অপ্রধান শস্য ঋণ কর্মসূচি | ৭.০০ | ৫.২৯ | ১৬৬.৫৬ | ১৩৩.৩০ | ৯৭% |
| সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি | ০.০০ | ০.২৫ | ২৯৬.৫২ | ২৩৫.১৩ | ৭৯% |
| পল্লী প্রগতি প্রকল্প | ০.০০ | ০.১২ | ৬৩.১০ | ৪৭.১০ | ৭৩% |
| বীর মুক্তিযোদ্ধা কর্মসূচি | ০.০০ | ০.৩০ | ৩০.২৬ | ২২.৫৩ | ৭৩% |
| মোট | ১৯.০০ | ২১.৫০ | ১৯৮৭.৮৮ | ১৭৯৮.৭৫ | ৯১% |

**১৩ | সমবায় বিভাগ**

উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, নেত্রকোণা সদর উপজেলায় নবনির্মিত আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের নিয়ে ০৫টি ভিন্ন ভিন্ন এলাকায় ০৫টি সমবায় সমিতি গঠন করা হয়েছে। এগুলো নিম্নরূপ :

১। বড়গাড়া গোপালপুর আশ্রয়ণ সমবায় সমিতি লি., বড়গাড়া গোপালপুর, ইউনিয়ন: রৌহা, নেত্রকোণা সদর।
২। বড়গাড়া নদীরপাড় আশ্রয়ণ সমবায় সমিতি লি., বড়গাড়া নদীরপাড়, ইউনিয়ন: রৌহা, নেত্রকোণা সদর।
৩। নগুয়া কুশলগাঁও আশ্রয়ণ সমবায় সমিতি লি., নগুয়া কুশলগাঁও, ইউনিয়ন: মৌগাতী, নেত্রকোণা সদর।
৪। তাঁতিয়র চরপাড়া আশ্রয়ণ সমবায় সমিতি লি., তাঁতিয়র চরপাড়া, ইউনিয়ন: ঠাকুরাকোণা, নেত্রকোণা সদর।
৫। চুলিগাতী আশ্রয়ণ সমবায় সমিতি লি., চুলিগাতী ইউনিয়ন: লক্ষ্মীগঞ্জ, নেত্রকোণা সদর।

এ উপজেলায় মোট অডিটযোগ্য ১০৯টি সমবায় সমিতির অডিট কার্যক্রম চলমান রয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে সমবায় তহবিল ১৩২২৪/- টাকা ধার্য করা হয় এবং সাকুল্য টাকা আদায় করা হয় ।

হাতকুন্ডলী আশ্রয়ণ প্রকল্পে আদায়যোগ্য ঋণ (ঘূর্ণায়মান) ২৩,৩৮,০০০/-। ক্রমপুঞ্জিভুত আদায় ১৪,৬১,৯১৬/-টাকা। এ মাসে আদায় ৫৫০০/- টাকা। আদায়ের হার ৯৭%।

মালনী আশ্রয়ণ প্রকল্পে আদায়যোগ্য ঋণ (ঘূর্ণায়মান) ১৪,০৬,৫০০/-এবং ক্রমপুঞ্জিভুত আদায় ১২,০০৯৭৩/-টাকা। এ মাসে আদায় ৫৫০/-টাকা। আদায়ের হার ৯০%।

সিদ্ধান্ত:
(ক) যেসকল আশ্রয়ণ প্রকল্পে সমিতি গঠন করা হয়েছে সেসকল আশ্রয়ণ প্রকল্পে ঋণ বিতরণের কার্যক্রম গ্রহণ করতে হবে।
(খ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে।

বাস্তবায়ন: উপজেলা সমবায় অফিসার নেত্রকোণা সদর

**১৪ | উপজেলা যুব উন্নয়ন অফিস**

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি নিম্নরূপভাবে তার দপ্তরের কার্যক্রম উপস্থাপন করেন।

| ক্র. নং | বিবরণ | কার্যক্রম |
|---|---|---|
| ১ | বরাদ্দকৃত মূলধন | ২,৩১,৮,৮০০/- |
| ২ | মোট বিতরণকৃত ঋণের পরিমাণ | ৩৪,১১,৭০০০/- |
| ৩ | চলতি অর্থ বছরে বিতরণ | - |
| ৪ | বিবেচ্য মাসে বিতরণ | - |
| ৫ | আদায়যোগ্য ক্রমপুঞ্জিত | ২,৭৯,০৭,৩৭১/- |
| ৬ | আদায়কৃত ক্রমপুঞ্জিত | ২,৭২,৮৫,৭০৩/- |
| ৭ | আদায়ের হার | ৯৮% |
| ৮ | আদায়যোগ্য চলমান | ১,৭৫,০০০/- |
| ৯ | আদায়কৃত চলমান | ১,৭৫,০০০/- |
| ১০ | আদায়ের হার | ১০০% |
| ১১ | মেয়াদ উত্তীর্ণ খেলাপি ঋণের পরিমাণ | ১৪,৮৭,৫৫৯/- |
| ১২ | ঋণ খেলাপি আদায় | ৩৩,৪২৫/- |
| ১৩ | কিস্তি খেলাপি পরিমাণ | ১০,০০০/- |
| ১৪ | কিস্তি খেলাপি আদায় | ৫০০০/- |
| ১৫ | মোট উপকারভোগীর সংখ্যা | ৬০৮ জন |
| ১৬ | মোট ঋণ সংখ্যা | ৮১৬ জন |
| ১৭ | চলমান ঋণ সংখ্যা | ২৩২ জন |
| ১৮ | চলতি বছরে প্রশিক্ষণার্থীর সংখ্যা | - |
| ১৯ | ক্রমপুঞ্জিত প্রশিক্ষণার্থীর সংখ্যা | ৬৬৩৫ জন |
| ২০ | চলতি অর্থ বছরে আত্মকর্মীর সংখ্যা | ৭৪ জন |
| ২১ | ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা | ৪২০১ জন |

সিদ্ধান্ত:
(ক)বিভাগীয় কার্যক্রম আরও কার্যকর ও গতিশীল করতে হবে।
(খ) উপজেলা যুব উন্নয়ন অফিস হতে প্রশিক্ষণ গ্রহণের পর প্রশিক্ষণার্থীগণ তা কাজে লাগাচ্ছে কি না তা তদারকি করতে হবে।

বাস্তবায়ন: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নেত্রকোণা সদর

**১৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস**

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশন (PBGSI) স্কিমের আওতায় ২০২২ ও ২০২৩ সালের উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষার্থী পুরস্কার (UBSA/TBSA) এবং উচ্চ মাধ্যমিক সমাপনী পুরস্কার (HSCA) প্রাপ্ত শিক্ষার্থীদের ক্রেস্ট ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।স্কুল, মাদ্রাসা

সিদ্ধান্ত:
(ক) প্রতি মাসে ডিজিটাল ল্যাব পরিদর্শনপূর্বক বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।

বাস্তবায়ন: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ও কলেজ পর্যায়ের উপবৃত্তি সংক্রান্ত অনলাইন প্রশিক্ষণ চলমান। ৬ষ্ঠ থেকে একাদশ শ্রেণি পর্যন্ত ২০২৫ সালের নতুন উপবৃত্তি কার্যক্রম চলমান। শিক্ষকদের ইএফটি এর মাধ্যমে বেতন প্রদান, অনলাইন এমপিও আবেদন প্রেরণ, শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন, প্রশাসক ও শিক্ষা বোর্ড কর্তৃক নির্দেশিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন এবং দাপ্তরিক অন্যান্য কাজ যথারীতি চলমান রয়েছে। | (খ) নিয়মিত বিদ্যালয়/মাদ্রাসা পরিদর্শন করতে হবে।<br>(গ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | নেত্রকোণা সদর |
| ১৬ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাছাড়া আইসিটি সার্ভে চলমান রয়েছে এবং জাতীয় ঐকমত্য কমিশন, নির্বাচন ব্যবস্থা, জনপ্রশাসন, বিচার বিভাগ, সংবিধান, দুর্নীতি দমনসহ রাষ্ট্রীয় সংস্কার ২০২৫ সংক্রান্ত জরিপ কার্যক্রম শেষ হয়েছে। | (ক) দপ্তরে কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ৪র্থ অর্থনৈতিক শুমারির হালনাগাদ তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) দাপ্তরিক সার্বিক কার্যক্রমে গতিশীলতা আনয়ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার নেত্রকোণা সদর |
| ১৭ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সমিতির সংখ্যা ১১৭টি এবং সমিতির সদস্য সংখ্যা ৪২৫৩ জন, ঋণী সদস্য ২১৩৪ জন। উঠান বৈঠক প্রতি সমিতিতে প্রতি মাসে ০১টি করা হয়। পরিবার পরিকল্পনা গ্রহণ, বাল্যবিবাহ রোধ ও মাদকের কুফল ইত্যাদি বিষয়ে সমিতি পর্যায়ে উঠান বৈঠক করা হয়। | (ক) প্রশিক্ষণ কার্যক্রমের বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ক্ষুদ্র ঋণ গ্রহীতাদের কার্যক্রম তদারকি করতে হবে।<br>(গ) দাপ্তরিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা নেত্রকোণা সদর |
| ১৮ | বন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সোসাল ফরেস্টি নার্সারি এন্ড ট্রেনিং সেন্টার, নেত্রকোণা বিভাগ জানান উপজেলা বন বিভাগের ভূমিকা হচ্ছে উপজেলার বিভিন্ন সড়কে বৃক্ষরোপন ও জনসাধারণের মধ্যে সরকারি রাজস্ব মূল্যে/বিনামূল্যে চারা বিতরণ করা হয়। তার বিভাগের সার্বিক কার্যক্রম চলমান রয়েছে। | (ক) কোনো গাছ কর্তনের প্রয়োজন হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সোসাল ফরেস্টি নার্সারি এন্ড ট্রেনিং সেন্টার |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, নেত্রকোণা সদর উপজেলায় মোট ইউনিয়ন ১২টি, পৌরসভা ০১টি, মোট সমিতি ৩৭০টি, মোট সদস্য সংখ্যা ১৪৩২০ জন এবং ঋণী সদস্য সংখ্যা ৯১০২ জন। আউটসেন্ডিং (ঋণ স্থিতি) ২৫৮৫.৬১ (লক্ষ টাকা)।<br>জুলাই ২০২৫ মাসের কার্যক্রম : (নিচের সারণি দ্রষ্টব্য) | (ক) বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করতে হবে।<br>(খ) ঋণ খেলাপীদের তালিকা আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) বিতরণকৃত ঋণ আদায়ের লক্ষ্যে কার্যক্রম আরও জোরদার করতে হবে।<br>(ঘ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক নেত্রকোণা সদর |

| বিবরণ | ২০২৫-২০২৬ অর্থবছর | জুলাই ২০২৫ | | জুলাই ২০২৫ হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | লক্ষ্যমাত্রা | লক্ষ্যমাত্রা | অর্জন | | |
| সদস্য ভর্তি | ৭১০ জন | ৫৯ জন | ০ | ০ | |
| সঞ্চয় আদায় | ২৩৯.২৪ (লক্ষ টাকা) | ১৯.৯৩ (লক্ষ টাকা) | .৮৩ (লক্ষ টাকা) | 8% | |
| ঋণ আদায় | ২৫৬৩.৯০ (লক্ষ টাকা) | ২১৩.৬৬ (লক্ষ টাকা) | ৪৮.০৭ (লক্ষ টাকা) | ২৩% | |
| বিতরণ | ২১৪৬.৯০ (লক্ষ টাকা) | ১৭৮.৯১ (লক্ষ টাকা) | ৫৭.৮৭ (লক্ষ টাকা) | ৩২% | |
| বাৎসরিক লক্ষ্যমাত্রা | ৬৭.০৫ (লক্ষ টাকা) | ৫.৫৯ (লক্ষ টাকা) | ২.৪৬ (লক্ষ টাকা) | 88% | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা জানান কমিউনিটি ক্লিনিক থেকে বিনামূল্যে প্রাথমিক স্বাস্থ্য সেবা ও ২৭ ধরনের ঔষধ প্রদান করা হয়। কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রোভাইডারগণের নিয়মিত উপস্থিত থাকার জন্য এএইচআইদের দিয়ে তদারকি করানো হয়। প্রতিমাসে অন্তত ০৩টি কমিউনিটি ক্লিনিক ও মাঠ পর্যায়ে স্বাস্থ্য কর্মসূচির বিভিন্ন কার্যক্রম তদারকি ও পরিদর্শন করা হয়। তিনি আরও জানান আগামী অক্টোবর ২০২৫ মাস থেকে ০৯ মাস থেকে ১৫ বছর বয়সী শিশুদের টাইফয়েডের ভ্যাকসিন দেওয়া হবে। এ বিষয়ে খুব শীঘ্রই | (ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে কি কি ধরনের ঔষধ বিনামূল্যে প্রদান করা হয় এবং কি কি সরকারি সেবা প্রদান করা হয় তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা নেত্রকোণা সদর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ক্যাম্পেইন করা হবে। তাছাড়া করোনা ভাইরাসের প্রভাব বৃদ্ধি পাচ্ছে। করোনা ভাইরাস সনাক্তের কিডস সংগ্রহ করা হবে। তিনি করোনা ভাইরাসের সংক্রমণ রোধে সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার অনুরোধ জানান। | হবে।<br>(খ) কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রোভাইডারগণের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>(গ) প্রতিমাসে অন্তত ০৩টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করে বিস্তারিত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) মাসিক সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | |
| ২১ | উপজেলা পরিচালন ও উন্নয়ন | উপজেলা পরিচালন ও উন্নয়ন কর্মকর্তা জানান যে, উপজেলা পরিষদের মাসিক কার্যবিবরণী, এডিপি'র প্রতিবেদন, স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করা হয়। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা আহ্বান করে কার্যবিবরণী প্রেরণ করার জন্য অনুরোধ জানান। | উপজেলা পরিষদের মাসিক কার্যবিবরণী, এডিপি'র প্রতিবেদন, স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ও পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন এবং তা ওয়েব পোর্টালে আপডেট করতে হবে। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি)<br><br>উপজেলা পর্যায়ে কর্মকর্তা (সকল)<br><br>ইউপি চেয়ারম্যান/ প্রশাসক (সকল) |
| ২২ | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সরকার নির্ধারিত কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের তথ্য সংগ্রহের জন্য গ্রাম পুলিশদের কাজে লাগাতে হবে। প্রয়োজনে জন্ম-মৃত্যু নিবন্ধনের কার্যক্রমে এডিপি বরাদ্দের ১% অর্থ ব্যয় করা যাবে। | জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে সরকার নির্ধারিত কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কার্যক্রম জোরদার করতে হবে। | চেয়ারম্যান / প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২৩ | হজ্ব বিষয়ক | সভায় জানানো হয় যে, ২০২৬ সালের হজ্ব কার্যক্রমের প্রাথমিক (মূল) নিবন্ধন ২৭ জুলাই থেকে শুরু হয়েছে। এ বছরের প্রাথমিক নিবন্ধন ফি নির্ধারণ করা হয়েছে ৪,০০,০০০ টাকা, যা গত বছর ছিল ৩,০০,০০০ টাকা। এখন থেকেই প্রাথমিক নিবন্ধনের জন্য ৩০,০০০ টাকার পাশাপাশি ৪,০০,০০০ টাকা জমা দিয়ে ২০২৬ এর জন্য পুনঃনিবন্ধন করতে পারবেন। সরকারি ও বেসরকারি উভয় মাধ্যমেই নিবন্ধন করতে হবে ১২ই অক্টোবরের মধ্যে। বিষয়টি সাধারণ মানুষের মাঝে প্রচার-প্রচারণা করার জন্য আলোচনা হয়। | ২০২৬ সালের হজ্ব কার্যক্রমের বিষয়টি ব্যাপক প্রচার-প্রচারণা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান/ প্রশাসক (সকল) |
| ২৪ | আয় ও ব্যয়ের হিসাব বিবরণী | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ০১.০৭.২০২৫ তারিখ হতে ৩০.০৫.২০২৫ তারিখ পর্যন্ত ব্যাংক বিবরণী মোতাবেক আয় ১৯,৯০,৬৪০/- ব্যয় ১,৩৯,৫২০/- টাকা এবং স্থিতি ৩,২৪,৫৮,৩৪৩/- | প্রশাসক, উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>নেত্রকোণা সদর, নেত্রকোণা | |
| ২৫ | বিবিধ-১ | (ক) উপজেলা পরিষদের জুলাই/২০২৫ মাসের আপ্যায়ন, উপজেলা পরিষদের স্থায়ী কমিটির আপ্যায়ন, আনুষঙ্গিক বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদের বিভিন্ন অনুষ্ঠানের ব্যানার ও ফুলের তোড়ার বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা পরিষদের পত্রিকা বিল পরিশোধ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উপজেলা পরিষদের ড্রেন, আশ-পাশ পরিষ্কার পরিচ্ছন্নতার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) উপজেলা পরিষদ ও উপজেলা হল রুমের ইন্টারনেট বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ) বাংলা ১৪৩০, বাংলা ১৪৩১ ও বাংলা ১৪৩২ সনের হাট-বাজার ইজারা আয়ের ১০% ও ১৫% অর্থ দ্বারা হাটবাজারে উন্নয়নে ইউপি চেয়ারম্যান/প্রশাসকগণকেদ নীতিমালা মোতাবেক প্রকল্প দাখিল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ছ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের খাত হতে আসবাবপত্র মেরামত ও সিসি ক্যামেরা মেরামত বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(জ) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের খাত হতে অফিস সরঞ্জামাদি ও প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | সরকারি নির্দেশনা মোতাবেক উল্লিখিত ব্যয়সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মিটানোর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ২৬ | বিবিধ-২ | গত ১৫/০২/২৪ তারিখে জাতীয় পর্যায়ে স্টিয়ারিং কমিটির আলোচনার নির্দেশনামতে সকল ইউনিয়ন পরিষদে ইউডিসির মাধ্যমে বিদেশ গমনেচ্ছুদের আবেদনের ব্যবস্থা এবং ইউডিসি প্রদত্ত সেবার নির্ধারিত মূল্য তালিকা অনুসরণের বিষয়ে আলোচনা হয়। | (ক) ইউডিসির মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে বিদেশ গমনেচ্ছুদের আবেদন সেবা চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | তাছাড়া তথ্যপ্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণে এখন থেকে অনলাইন মাধ্যম prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সংবলিত সনদ প্রদানের বিষয়ে আলোচনা হয়। | হয়।<br>(খ) ইউডিসি'র নির্ধারিত সেবামূল্য তালিকা অনুসরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) তথ্যপ্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণে এখন থেকে অনলাইন মাধ্যম prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সংবলিত সনদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান/ প্রশাসক ইউপি (সকল) |
| ২৭ | বিবিধ-৩ | ডেঙ্গু মশাবাহিত রোগ নিয়ন্ত্রণে সকল বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য সংশ্লিষ্ট বাজারের ইজারাদারদের পত্র দেওয়ার জন্য সভায় আলোচনা হয়। | বাজারের ইজারাদারদের পত্র দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২৮ | বিবিধ-৪ | শিক্ষার মানোন্নয়নে প্রতিষ্ঠানে নিয়মিতভাবে (প্রতি তিনমাসে একবার) নিম্নোক্ত সভা অনুষ্ঠানের জন্য আলোচনা করা হয়।<br>(১) শিক্ষক সমাবেশ, (২) অভিভাবক/মা সমাবেশ, (৩) মাদক ও কিশোর গ্যাং বিরোধী সমাবেশ, (৪) যৌতুক নিরোধ সমাবেশ,<br>(৫) ডেঙ্গু নিরোধ/পরিবেশ সংরক্ষণ সমাবেশ, (৬) প্রাত্যহিক সমাবেশ। উক্ত সমাবেশ/সভা অনুষ্ঠান আয়োজন করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য আলোচনা হয়।<br>এছাড়াও ছাত্র-ছাত্রীদের মেধার বিকাশ ও সাংগঠনিক নেতৃত্বগুণ বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা পর্যায়ে প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে নিম্নোক্ত ক্লাব গঠন ও নিয়মিত কার্যক্রম পরিচালনা বিষয়ে আলোচনা করা হয়। (১) সাইন্স ক্লাব, (২) ডিবেট ক্লাব, (৩) কালচারাল ক্লাব, (৫) কল্যাণ ক্লাব, (৬) ল্যাংগুয়েজ ক্লাব। | (ক) সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা/সমাবেশ আয়োজন করে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>(খ) ছাত্র-ছাত্রীদের মেধার বিকাশ, সাংগঠনিক নেতৃত্বগুণ বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা পর্যায়ে প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে নিম্নোক্ত ক্লাব গঠন ও নিয়মিত কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>(১) সাইন্স ক্লাব, (২) ডিবেট ক্লাব, (৩) কালচারাল ক্লাব, (৫) কল্যাণ ক্লাব, (৬) ল্যাংগুয়েজ ক্লাব। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br><br>উপজেলা শিক্ষা অফিসার<br><br>শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |
| ২৯ | বিবিধ-৫ | সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদের স্থায়ী কমিটিসমূহের মেয়াদোত্তীর্ণ হওয়ায় কমিটিসমূহ পুনর্গঠন প্রয়োজন। উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটি পুনর্গঠনের বিষয়ে সভায় আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে পরিশিষ্ট 'গ' মোতাবেক ১৭ টি স্থায়ী কমিটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটি পুনর্গঠনের বিষয়ে পরিশিষ্ট 'গ' মোতাবেক অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ |

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে দক্ষতা ও আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের অনুরোধ জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/০৮/২৫

(আসমা বিনতে রফিক)
প্রশাসক
উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা

CamScanner

৩০ শ্রাবণ ১৪৩২

স্মারক নম্বর : ০৫.৪৫.৭২৭৪.০০০.১৮.০০১.১৯-৭২৬/১ তারিখ: ২৪ আগস্ট ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৫. উপজেলা.................................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৬. চেয়ারম্যান/প্রশাসক,.................................ইউনিয়ন পরিষদ (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৭.

১৪/০৮/২৫
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা

CamScanner